ইনকিলাব
তারিখ 21 DEC 2006
পৃষ্ঠা ১ কলাম ৫

# রাজধানীর স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা শুরু

স্টাফ রিপোর্টার

রাজধানীর নামী-দামী স্কুলগুলোতে গতকাল (বুধবার) থেকে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। গতকাল প্রথম দিনে মতিঝিল আইডিয়াল স্কুলে শিশু শ্রেণীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। হাজার হাজার শিশু এই ভর্তি পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষা চলাকালে বাইরে ছিল প্রচণ্ড ভিড়। উদ্বেগাকুল অভিভাবকরা বাচ্চাদের পরীক্ষার হলে পাঠিয়ে বাইরে অপেক্ষা ৮-এর পৃঃ ৫-এর কঃ দেখুন



*ইনকিলাব : গতকাল মতিঝিল আইডিয়াল স্কুলে শিশু শ্রেণীতে ভর্তি পরীক্ষা চলাকালে (ইনসেটে) বাইরে ছিলো অভিভাবকদের উপচেপড়া ভিড়*

## রাজধানীর স্কুলগুলোতে ভর্তি

*প্রথম পৃষ্ঠার পর*

করছিলেন। রাজধানীতে প্রতিবছরই এই চিত্র দেখা যায়। বছরের প্রথম দিকে বাচ্চাদের স্কুলে ভর্তি করাতে গিয়ে সমস্যায় পড়তে হয়। একেকটি আসনের বিপরীতে ৫ থেকে ৭ জন কোথাও কোথাও আবার ১০/১২ জনও ভর্তি পরীক্ষায় অংশ নেয়।